

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

২৪ ভাদ্র, ১৪২২

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৫-২১

তারিখ : -----

০৮ সেপ্টেম্বর, ২০১৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত  
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের  
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**গণবিজ্ঞপ্তি নং- ৩৬(২০১২-২০১৫)/আমদানি, তারিখ-০৬ সেপ্টেম্বর, ২০১৫ এর  
বিপরীতে লবন আমদানির উদ্দেশ্যে নতুন কোন ঋণপত্র প্রতিষ্ঠা না করা প্রসঙ্গে।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর কর্তৃক লবন আমদানি সংক্রান্ত স্মারক নম্বর-  
২৬.০৩.০০০০.০০১.১১.০০১.১৩-১৪৭, তারিখ ০৮/০৯/২০১৫ এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

গণবিজ্ঞপ্তি নং- ৩৬(২০১২-২০১৫)/আমদানি, তারিখ-০৬ সেপ্টেম্বর, ২০১৫ এর মাধ্যমে ১(এক) লক্ষ মেঃ টন ক্রুড লবন  
(এইচ এস হেডিং নং-২৫.০১) আমদানিযোগ্য করা হয়। উল্লিখিত স্মারকে প্রদত্ত তথ্য অনুযায়ী ইতিমধ্যে উক্ত সীমা অতিক্রম করেছে  
বিধায় উক্ত পণ্য আমদানির নিমিত্তে নতুন কোন ঋণপত্র প্রতিষ্ঠা না করার জন্য আপনাদেরকে নির্দেশ দেয়া যাচ্ছে।

অনুমোদিত ডিলার শাখা ও সংশ্লিষ্ট আমদানিকারক কর্তৃক আলোচ্য স্মারকের নির্দেশনার যথাযথ পরিপালন নিশ্চিত করার  
লক্ষ্যে এর ছায়ালিপি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করবেন।

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর  
১১১-১১৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা  
ঢাকা-১০০০।  
[www.ccie.gov.bd](http://www.ccie.gov.bd)

নং- ২৬.০৩.০০০০.০০১.১১.০০১.১৩/ ১৪৭

তারিখঃ ২৪ ভাদ্র ১৪২২  
০৮ সেপ্টেম্বর ২০১৫

বিষয়ঃ গণবিজ্ঞপ্তি নং- ৩৬ (২০১২-২০১৫)/আমদানি তাং ০৬ সেপ্টেম্বর ২০১৫ এর বিপরীতে লবণ আমদানির উদ্দেশ্যে নতুন আর কোন ঋণপত্র প্রতিষ্ঠা না করা।

উপর্যুক্ত বিষয়ে সানুগ্রহ জানানো যাচ্ছে যে, বাণিজ্য মন্ত্রণালয়ের ০৬/০৯/২০১৫ তারিখের ২৬.০০.০০০০.১১১.৫৩.১০৩.১৩-৫৭৯ সংখ্যক পত্রের নির্দেশনা মোতাবেক ১ (এক) লক্ষ মেঃ টন লবণ আমদানির লক্ষ্যে এ দপ্তর হতে গণবিজ্ঞপ্তি নং- ৩৬ (২০১২-২০১৫)/আমদানি তাং ০৬ সেপ্টেম্বর ২০১৫ জারি করা হয়। কিন্তু বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক এ দপ্তরে দাখিলকৃত ঋণপত্র প্রতিষ্ঠার সর্বশেষ তথ্য অনুযায়ী দেখা যায় ইতোমধ্যে নির্ধারিত ১ (এক) লক্ষ মেঃ টন এর সীমা অতিক্রম করা হয়েছে।

সুতরাং, লবণ আমদানি ১ (এক) লক্ষ মেঃ টনের মধ্যে সীমাবদ্ধ রাখার লক্ষ্যে অতিরিক্ত আর কোন ঋণপত্র প্রতিষ্ঠা না করার জন্য সকল তফসিলী ব্যাংকে তাৎক্ষণিক নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।



(মজিবর রহমান)

প্রধান নিয়ন্ত্রক (অতিঃ সচিব)

আমদানি ও রপ্তানি, ঢাকা।

ফোনঃ ৯৫৫১৫৫৬।

[controller.chief@yahoo.com](mailto:controller.chief@yahoo.com)

- ✓ ১। মহাব্যবস্থাপক  
বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
- ২। মহাব্যবস্থাপক  
ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়,  
মতিঝিল, ঢাকা।

অনুলিপিঃ

সিনিয়র সচিব মহোদয়, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ইহা মহোদয়ের সাথে টেলিফোনিক আলোচনা মোতাবেক জারি করা হলো)।